



Janata Bank Limited

জনতা ব্যাংক লিমিটেড

সিআইবি সেল

প্রধান কার্যালয়, ১১০, মতিঝিল বা/এ (১৭তম তলা), ঢাকা-১০০০।
ফোন-৭১১৩৩০৩, এক্সটেনশন-৩৩৭, পিএবিএক্স- ৯৫৬০০০০, ৯৫৬৬০২০, ৯৫৬০০৩৯,
৯৫৫৬২৪৫-৪৯, ৯৫৬০০২৭-৩০, ৯৫৫৬২৪৫-৪৯, ৯৫৬০০৪২-৪৩, ৯৫৬৫০৪১-৪৩, ৯৫৫৬১৩-
১৪, ৯৫৬৬০২৮-২৯
SWIFT : JANBBDDH, WEBSITE : www.janatabank-bd.com, E-mail : jbcib@janatabank-
bd.com

নির্দেশ বিজ্ঞপ্তি নং-৩০১

তারিখঃ

১৫ মে, ২০১১
১১ জ্যৈষ্ঠ, ১৪১৮

সকল উপ/সহকারী মহাব্যবস্থাপক,
প্রধান কার্যালয়/স্থানীয় কার্যালয়/বিভাগীয় কার্যালয়/এরিয়া অফিস/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখা
সকল শাখা ব্যবস্থাপক,
জনতা ব্যাংক লিমিটেড,
বাংলাদেশ।

বিষয়ঃ	সিআইবি অনলাইন সার্ভিসের রেজিস্ট্রেশন ফি, অনলাইন প্রক্রিয়ায় প্রস্তুতকৃত সিআইবি রিপোর্টের সার্ভিস চার্জ আরোপ ও আদায়, অনলাইন সিস্টেমে মাসিক ভিত্তিতে ঋণতথ্য যথাসময়ে Upload এ ব্যর্থ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের বিরুদ্ধে জরিমানা আরোপ ও আদায় এবং সিআইবি রিপোর্টে সন্নিবেশিত ঋণতথ্যের গোপনীয়তা ভঙ্গের জন্য জরিমানা আরোপ ও আদায় প্রসঙ্গে।
---------------	--

প্রিয় মহোদয়,

বাংলাদেশ ব্যাংক সিআইবি অনলাইন সার্ভিসের রেজিস্ট্রেশন ফি, অনলাইন প্রক্রিয়ায় প্রস্তুতকৃত সিআইবি রিপোর্টের সার্ভিস চার্জ আরোপ ও আদায়, অনলাইন সিস্টেমে মাসিক ভিত্তিতে ঋণতথ্য যথাসময়ে Upload এ ব্যর্থ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের বিরুদ্ধে জরিমানা আরোপ ও আদায় এবং সিআইবি রিপোর্টে সন্নিবেশিত ঋণতথ্যের গোপনীয়তা ভঙ্গের জন্য জরিমানা আরোপ ও আদায় এর নীতিমালা সম্বলিত সিআইবি সার্কুলার নং-০২/২০১১ তারিখঃ ০৪ মে, ২০১১ জারী করেছে নিম্নে উদ্ধৃত করা হলোঃ

উদ্ধৃত

“ সিআইবি অনলাইন কার্যক্রমের আওতায় নিম্নোক্ত নীতিমালাসমূহ আপনাদের অবগতি ও পরিপালনের নিমিত্তে জারী করা হলো-

১। রেজিস্ট্রেশন ফি আরোপ ও আদায়ের পদ্ধতি :

সিআইবি অনলাইন Connectivity এর জন্য প্রতিটি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে রেজিস্ট্রেশন করতে হবে বিধায় রেজিস্ট্রেশন ফি বাবদ ১০,০০০ (দশ হাজার) টাকা আদায়যোগ্য হবে। রেজিস্ট্রেশনে সময় প্রাথমিকভাবে ০৩ (তিন) টি user ID প্রদান করা হবে। পরবর্তীতে অতিরিক্ত user ID এর প্রয়োজন হলে উপযুক্ত কারণ প্রদর্শন পূর্বক সংশ্লিষ্ট ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানকে ব্যুরোতে আবেদন করতে হবে। এজন্য অতিরিক্ত প্রতিটি user ID এর জন্য ৫০০০/- (পাঁচ হাজার) টাকা আদায়যোগ্য হবে। রেজিস্ট্রেশন ফি ও user ID সংক্রান্ত সকল ফি মতিঝিল অফিসে রক্ষিত সংশ্লিষ্ট ব্যাংকের/আর্থিক প্রতিষ্ঠানের হিসাব থেকে আদায়যোগ্য হবে।

২। সার্ভিস চার্জ আরোপ ও আদায়ের পদ্ধতি :

New Contract Enquiry এর মাধ্যমে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের ঋণতথ্য Retrieve করা হলে প্রতি ব্যক্তি বা প্রতিষ্ঠানের জন্য ১০০/- টাকা হারে চার্জ আরোপিত হবে। Existing Contract Enquiry এর মাধ্যমে কোন Co-Borrower, guarantor, প্রতিষ্ঠানের মালিক, অংশীদার বা পরিচালকের ঋণতথ্য Retrieve করা হলে প্রতি ব্যক্তির জন্য ১০০/- টাকা হারে চার্জ আরোপযোগ্য হবে। New Contract Enquiry বা Existing Contract Enquiry এর মাধ্যমে ইনকোয়ারীকৃত ব্যক্তির স্বার্থসংশ্লিষ্ট প্রতিষ্ঠান সংক্রান্ত প্রতিটি Subject Link এর জন্য ১০/- টাকা হারে চার্জ আরোপিত হবে। CIB Subject code বা FI Subject code ব্যবহার করে Check Enquiry এর মাধ্যমে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের ঋণতথ্য Retrieve করা হলেও ১০/- টাকা হারে চার্জ আরোপযোগ্য হবে।

অনলাইন প্রক্রিয়ায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক New Contract Enquiry, Existing Contract Enquiry, Check Enquiry Menu সমূহ ব্যবহার করার কারণে প্রতিটির জন্য সিস্টেমের Log file এ সংশ্লিষ্ট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের FI code সম্বলিত একটি করে Record generate হবে। উক্ত Log file এর উপর ভিত্তি করে প্রতি মাসান্তে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান ভিত্তিক সার্ভিস চার্জের বিল প্রস্তুত করা হবে। এ বিলের অর্থ মতিঝিল অফিসে রক্ষিত সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের হিসাব থেকে আদায়যোগ্য হবে এবং সার্ভিস চার্জ সংক্রান্ত বিলটি সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে প্রেরণ করা হবে।

চলমান পাতা-২

বিষয়ঃ সিআইবি অনলাইন সার্ভিসের রেজিস্ট্রেশন ফি, অনলাইন প্রক্রিয়ায় প্রস্তুতকৃত সিআইবি রিপোর্টের সার্ভিস চার্জ আরোপ ও আদায়, অনলাইন সিস্টেমে মাসিক ভিত্তিতে ঋণতথ্য যথাসময়ে Upload এ ব্যর্থ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের বিরুদ্ধে জরিমানা আরোপ ও আদায় এবং সিআইবি রিপোর্টে সন্নিবেশিত ঋণতথ্যের গোপনীয়তা ভঙ্গের জন্য জরিমানা আরোপ ও আদায় প্রসঙ্গে।

৩। যথাসময়ে তথ্য Upload /সংশোধনে ব্যর্থ হলে :

(ক) প্রতিটি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে তাদের ঋণগ্রহীতাদের ঋণতথ্য (৫০,০০০/- টাকা ও তদুর্ধ্ব বকেয়া স্থিতিসম্পন্ন সকল ঋণের এবং ক্রেডিট কার্ডের ক্ষেত্রে ১০,০০০/- টাকা ও তদুর্ধ্ব খেলাপী বকেয়া স্থিতিসম্পন্ন) মাসিক ভিত্তিতে (Monthly Batch Contribution) পরবর্তী মাসের ২০ তারিখের মধ্যে সিস্টেমে Upload করতে হবে। অন্যথায় ন্যূনতম ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং নির্ধারিত তারিখের পরবর্তী দিন গুলোর জন্য দিনপ্রতি ১,০০০/- (এক হাজার) টাকা হারে সর্বোচ্চ ৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা আরোপিত হবে।

(খ) Monthly Batch Contribution এর মাধ্যমে ঋণ তথ্যাবলী সিস্টেমে Upload করার পর Error File প্রাপ্তির পরবর্তী ৩ (তিন) দিনের মধ্যে প্রয়োজ্য ক্ষেত্রে সংশোধন/বয়োজন/সংযোজনের কাজ সম্পন্ন করে পুনরায় Batch File Upload করে অত্র ব্যুরোকে অবহিত করতে হবে, অন্যথায় ন্যূনতম ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং উক্ত ৩(তিন) দিনের পরবর্তী বিলম্বিত সময়ের জন্য দিনপ্রতি ১,০০০/- (এক হাজার) টাকা হারে সর্বোচ্চ ৫ (পাঁচ লক্ষ) টাকা জরিমানা আরোপযোগ্য হবে।

৪। Uploaded তথ্যের মধ্যে ভুল/মিথ্যা তথ্য প্রদান কিংবা তথ্য গোপন করা হলে :

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক Uploaded মাসিক বকেয়া ঋণ তথ্যের কোন অংশে মিথ্যা/ভুল পরিলক্ষিত হলে এবং তথ্য গোপন প্রমাণিত হলে সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের বিরুদ্ধে ন্যূনতম ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা এবং সর্বোচ্চ ৫ (পাঁচ লক্ষ) টাকা জরিমানা আরোপিত হবে।

৫। সিআইবি রিপোর্টে সন্নিবেশিত ঋণ তথ্যের গোপনীয়তা ভঙ্গ করা হলে :

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক অনলাইনে প্রস্তুতকৃত সিআইবি রিপোর্টের গোপনীয়তা সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক রক্ষা করা না হলে (কোন ব্যক্তি, প্রতিষ্ঠান, সংস্থা বা আদালতের নিকট সিআইবি রিপোর্ট হস্তান্তর বা সিআইবি রিপোর্টের ঋণতথ্য পত্রের মাধ্যমে আংশিক বা সম্পূর্ণ প্রকাশ করা হলে) উক্ত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের বিরুদ্ধে ন্যূনতম ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা জরিমানা আরোপযোগ্য হবে।

৬। জরিমানা আদায়ের পদ্ধতি :

নির্ধারিত সময়ে Monthly Batch Contribution বা Error File এর প্রয়োজনীয় সংশোধন করতে ব্যর্থ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানকে বিলম্ব দিনের সংখ্যা, ভুল/মিথ্যা তথ্য প্রদানের প্রকৃতি ও মাত্রা অনুযায়ী এবং ঋণ তথ্যের গোপনীয়তা ভঙ্গের বিষয় উদ্ঘাটিত হলে জরিমানার কারন এবং জরিমানার টাকার পরিমাণ উল্লেখপূর্বক ব্যুরো হতে পত্র প্রেরণ করা হবে এবং উক্ত জরিমানার টাকা “কেন আদায় করা হবেনা” মর্মে ব্যাখ্যা তলব করা হবে। ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক বর্ণিত ব্যাখ্যা যুক্তিযুক্ত প্রতীয়মান না হলে জরিমানা আরোপের বিষয়টি সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানকে জানিয়ে ৭ (সাত) দিনের মধ্যে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জরিমানার অর্থ পরিশোধের জন্য পত্র দেয়া হবে, অন্যথায় বাংলাদেশ ব্যাংকের মতিবিল অফিসে রক্ষিত সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের হিসাব থেকে তা আদায়যোগ্য হবে।

শিরোনামোক্ত বিষয়ে ১৪/১০/২০০৪ইং তারিখে ইস্যুকৃত সিআইবি সার্কুলার নং-০১/২০০৪ এর সকল নির্দেশাবলী সিআইবি অনলাইন কার্যক্রম চূড়ান্তভাবে শুরু হওয়ার পূর্ব পর্যন্ত বহাল থাকবে। ” অনুদ্ধত
বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত সার্কুলার এর প্রেক্ষিতে আমাদের করণীয় নিম্নে উল্লেখ করা হলোঃ

ক) ০১/০৬/২০১১ হতে অনলাইনের এর মাধ্যমে সিআইবি রিপোর্ট প্রস্তুত করা হবে মর্মে বাংলাদেশ ব্যাংক আমাদেরকে মৌখিকভাবে অবহিত করেছে। তাই Live Online কার্যক্রম এর মাধ্যমে সিআইবি রিপোর্ট প্রস্তুত শুরু না হওয়া পর্যন্ত (৩১/০৫/২০১১) সার্ভিস চার্জ এর পূর্বের হার(প্রতি ইনকোয়ারী ফরম ৫০/-টাকা) বলবৎ থাকবে।

খ) অনলাইন কার্যক্রমে সিআইবি রিপোর্ট এর সার্ভিস চার্জ আরোপ ও আদায় একটি জটিল প্রক্রিয়া এবং একই বরোয়ারের জন্য একাধিক বার Retrieve করার প্রয়োজন হতে হবে(শাখা কর্তৃক প্রদত্ত ভুল তথ্য, ভুল Spelling, কিংবা ভুল ক্লিক এর কারণে)। তাই বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত হারের চেয়ে কমপক্ষে ৫০% বেশী সার্ভিস চার্জ গ্রাহক এর নিকট হতে আদায়ের প্রয়োজন হবে। অনলাইন কার্যক্রমের আওতায় সিআইবি ইনকোয়ারী রিপোর্ট এর সার্ভিস চার্জ নিম্নরূপ হবেঃ

(১) কোন ব্যক্তির (Individual) সিআইবি রিপোর্ট এর ক্ষেত্রে ১০০টাকা+৫০% অর্থাৎ ১৫০ টাকা এবং তার প্রতিটি সহযোগী দায়ের জন্য(অঙ্গীকার নামায় উল্লেখিত প্রতিটি প্রতিষ্ঠান এর জন্য) ১০টাকা হারে(কোন ব্যক্তি ৩টি প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট হলে ১৫০টাকা+১০x৩=১৮০টাকা) আদায় করতে হবে, তার কোন সহযোগী প্রতিষ্ঠান না থাকলে শুধু ১৫০ টাকা আদায় করতে হবে।

(২) Proprietary Concern এর ক্ষেত্রে ১০০+১০০+৫০% =৩০০টাকা, এবং তার প্রতিটি সহযোগী দায়ের জন্য(অঙ্গীকার নামায় উল্লেখিত প্রতিটি প্রতিষ্ঠান এর জন্য) ১০টাকা হারে(কোন Proprietary Concern এর মালিক ৩টি প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট হলে ৩০০টাকা+১০x৩=৩৩০টাকা) আদায় করতে হবে, তার কোন সহযোগী প্রতিষ্ঠান না থাকলে শুধু ৩০০ টাকা আদায় করতে হবে।

বিষয়ঃ সিআইবি অনলাইন সার্ভিসের রেজিস্ট্রেশন ফি, অনলাইন প্রক্রিয়ায় প্রস্তুতকৃত সিআইবি রিপোর্টের সার্ভিস চার্জ আরোপ ও আদায়, অনলাইন সিস্টেমে মাসিক ভিত্তিতে ঋণতথ্য যথাসময়ে Upload এ ব্যর্থ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের বিরুদ্ধে জরিমানা আরোপ ও আদায় এবং সিআইবি রিপোর্টে সন্নিবেশিত ঋণতথ্যের গোপনীয়তা ভঙ্গের জন্য জরিমানা আরোপ ও আদায় প্রসঙ্গে।

- (৩) Company (Proprietary Concern ব্যতীত সকল প্রতিষ্ঠান) এর ক্ষেত্রে প্রতিষ্ঠানটির জন্য ১৫০টাকা, প্রতিজন শেয়ারহোল্ডার (চেয়ারম্যান, এমডি, ডাইরেক্টর, পার্টনার, ইত্যাদি) এর জন্য ১৫০টাকা, তার প্রতিটি সহযোগী দায়ের জন্য (অঙ্গীকার নামায় উল্লেখিত প্রতিটি প্রতিষ্ঠান এর জন্য) ১০টাকা হারে (কোম্পানীটির ৩জন শেয়ারহোল্ডার থাকলে এবং উহার ওনার/শেয়ারহোল্ডারগণ মোট ১০টি প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট হলে $১৫০+১৫০ \times ৩ + ১০ \times ১০ = ৭০০$ টাকা) আদায় করতে হবে, তবে কোন সহযোগী প্রতিষ্ঠান না থাকলে শুধু $১৫০+১৫০ \times ৩ = ৬০০$ টাকা আদায় করতে হবে।
- (৪) আদায়কৃত উপরোক্ত সার্ভিস চার্জ নির্দেশ বিজ্ঞপ্তি নং-৮২/০৮ তারিখ ০৮/১০/২০০৮ এর ৩নং অনুচ্ছেদ অনুসারে শাখার সান্ড্রি ডিপোজিট হিসাবে জমা করতে হবে এবং নভেম্বর এর শেষ কর্মদিবস পর্যন্ত জমাকৃত টাকা নিয়ন্ত্রনকারী শাখা/কায়লয় এর মাধ্যমে প্রধান কার্যালয়ের সিআইবি সেলে প্রেরণ করতে হবে এবং সিআইবি সেল যথারীতি আমাদের স্থানীয় কার্যালয়ের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিকলনকৃত হিসাব সমন্বয় করবে।
- (৫) ০১/০৬/২০১১ হতে সিআইবি সেলে প্রেরিত ইনকোয়ারীর প্রতিটি ফরোয়ার্ডিং এর সাথে যে ক্রেডিট ভাউচার এর মাধ্যমে ইনকোয়ারীর সার্ভিস চার্জের টাকা শাখার সান্ড্রি ডিপোজিট হিসাবে জমা করা হবে তার একটি ফটোকপি সংযুক্ত করতে হবে।
- (৬) বৎসরান্তে যদি দেখা যায় যে, বাংলাদেশ ব্যাংক কর্তৃক আদায়কৃত সার্ভিস চার্জ গ্রাহকদের থেকে আদায়কৃত সার্ভিস চার্জ এর চেয়ে বেশী, তবে সে ক্ষেত্রে বাকী টাকা ব্যাংকের 'বিবিধ ব্যয়' খাত হতে পরিশোধ করা হবে এবং সার্ভিস চার্জের হার বর্দ্ধিত করে পুনরায় বিজ্ঞপ্তি জারী করা হবে। যদি দেখা যায় যে, বাংলাদেশ ব্যাংক কর্তৃক আদায়কৃত সার্ভিস চার্জ গ্রাহকদের থেকে আদায়কৃত সার্ভিস চার্জ এর চেয়ে কম, তবে সে ক্ষেত্রে বাকী টাকা ব্যাংকের 'বিবিধ আয়' খাতে আকলন করা হবে।
- (৭) যথাসময়ে বিবরণী প্রেরণ/Upload এ ব্যর্থ হলে/ মিথ্যা, ভুল তথ্য প্রদান করা হলে/তথ্য গোপন করা হলে/ সিআইবি রিপোর্টে সন্নিবেশিত ঋণতথ্যের গোপনীয়তা ভঙ্গ করা হলে এবং তৎপ্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক আর্থিক জরিমানা আরোপ করা হলে জরিমানার অর্থ প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব 'বিবিধ দেনাদার' খাত হতে প্রদান করা হবে। কোন কর্মকর্তা/কর্মচারীর অবহেলাজনিত কারণে এ জরিমানা আরোপিত হয়ে থাকলে জরিমানার অর্থ সংশ্লিষ্টের ব্যক্তিগত তহবিল হতে আদায় করে 'বিবিধ দেনাদার' খাত সমন্বয় করা হবে। তবে কোন কর্মকর্তা/কর্মচারী দায়ী না হলে কিংবা Unavoidable Circumstances এর কারণে জরিমানা আরোপিত হলে ব্যাংকের 'বিবিধ ব্যয়' খাত হতে উক্ত 'বিবিধ দেনাদার' খাত সমন্বয় করা হবে। অধিকন্তু, ব্যাংক কর্মকর্তা/কর্মচারী এর নিকট হতে জরিমানার অর্থ আদায় করা হলে এটি ব্যাংকের দন্ডিত অর্থ হিসেবে গন্য করা হবে, শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে গন্য করা হবে না।

আপনার বিশ্বস্ত

(মোঃ হারুন অর রশিদ)
উপ-মহাব্যবস্থাপক

(মোঃ দাউদ আহমদ সিকদার)
মহাব্যবস্থাপক

অনুলিপিঃ-

- ১। সচিব, পরিচালনা পর্ষদ, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। ব্যবস্থাপনা পরিচালকের একান্ত সচিব, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। উপ-ব্যবস্থাপনা পরিচালক এর ব্যক্তিগত সহকারী, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। সকল মহাব্যবস্থাপকের ব্যক্তিগত সহকারী, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়/স্থানীয় কার্যালয়/বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/ রাজশাহী/খুলনা/সিলেট; চীফ এক্সিকিউটিভ অফিস, ইউ.এ.ই।
- ৫। নথি